

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ/৩০ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৮৭-আইন/২০২০/৯৬/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, ৩ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১২৩-আইন/২০২০/৭৪/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

- (১) TABLE-3 এর কলাম (1) এ উল্লিখিত Heading 39.26 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্টিসমূহের পরিবর্তে নিম্নরূপ Heading 39.26 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্টিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“39.26	3926.90.99	Mobile cover (back/front/side cover), Mobile charger cover/casing, upper cap, lower cap”;
--------	------------	---

- (২) TABLE-4 এর কলাম (1) এ উল্লিখিত Heading 39.26 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্টিসমূহ বিলুপ্ত হইবে;
- (৩) শর্তাবলির দফা (১১) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১১), (১২), (১৩) ও (১৪) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১১) উৎপাদনকারী প্রতিষ্ঠান যে সকল মডেলের সেলুলার ফোন সংযোজন করিবে কেবল সেই সকল মডেলের জন্য TABLE-4 ভুক্ত পণ্য আমদানি করিতে পারিবে;

- (১২) সংযোজনকারী প্রতিষ্ঠান যে সকল মডেলের সেলুলার ফোনের ব্যাটারি বা চার্জার বা PCBA উৎপাদন করিবে কেবল সেই সকল মডেলের ব্যাটারি বা চার্জার বা PCBA এর জন্য TABLE-1 ভুক্ত সংশ্লিষ্ট যন্ত্রাংশ আমদানি করিতে পারিবে;
- (১৩) দফা (১১) ও (১২) উভয় ক্ষেত্রে শুষ্কায়নকালে সংশ্লিষ্ট কাস্টম হাউস/স্টেশনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক মূসক বিভাগীয় দপ্তরে দাখিলকৃত মূসক বিভাগীয় কর্মকর্তা কর্তৃক সত্যায়িত উপকরণ-উৎপাদ সহগ ঘোষণাপত্র (মূসক-৪.৩) দাখিল করিতে হইবে; এবং
- (১৪) কোন উৎপাদনকারী বা সংযোজনকারী এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।”।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব।